দৈনিক বাংলা

তারিখ 15 OCT 1988
পৃষ্ঠা 5 কলাম 7

ডকুমেন্টেশন কেন্দ্র

181

## এক মাসের ছাত্র বেতন মওকুফ করা হোক

এবারের বন্যায় ছোটবড় নির্বিশেষে দেশের সকল শ্রেণীর লোকই কম-বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে। দীর্ঘদিন পর সম্প্রতি স্কুল-কলেজ খোলা হয়েছে। আর সাথে সাথেই ছাত্রছাত্রীদের উপরে পড়েছে দু মাসের বেতনের চাপ। দেশের অধিকাংশ ছাত্রছাত্রীই এবার বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। এই ক্ষতি কাটিয়ে উঠতে তাদের অভিভাবকরা আজ হিমশিম খাচ্ছে। এ অবস্থায় তাদের দুই মাসের বেতন দেয়া হবে খুবই কষ্টকর। তাছাড়া বন্যার জন্য স্কুল-কলেজ তো এক মাস বন্ধই ছিল। সুতরাং তাই বিশেষ পরিস্থিতি বিবেচনায় ছাত্র ছাত্রীদের বেতন বা টিউশন ফি মওকুফ করা উচিত। তা মওকুফ করা হবে কর্তৃপক্ষের কাছে এই আমাদের প্রত্যাশা। এ ব্যাপারে আমরা সকল শিক্ষাপ্রতিষ্ঠান ও বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি কামনা করছি।

—মোঃ ফারুক সিদ্দিকী,